

জেলা

ডিপ্লোমা ডিগ্রিধারীদের ‘লাল কার্ড’ দেখিয়ে চুয়েট শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রতিনিধি চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ২০: ০১



ডিপ্লোমা ডিগ্রিধারীদের লাল কার্ড দেখিয়ে চুয়েট শিক্ষার্থীদের বিক্ষোভ। আজ বিকেলে তোলা ছবি: প্রথম আলো

দেশব্যাপী চলমান প্রকৌশলী অধিকার আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে ডিপ্লোমা ডিগ্রিধারীদের লাল কার্ড দেখিয়ে বিক্ষোভ করেছেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) শিক্ষার্থীরা। আজ সোমবার বিকেল পাঁচটায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক মিলনায়তনের সামনে জড়ো হয়ে এ কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা।

কর্মসূচি চলাকালে শিক্ষার্থীরা ‘আমার সোনার বাংলায়, বৈষম্যের ঠাঁই নাই’, ‘কোটা না মেধা, মেধা, মেধা’, ‘কোটার নামে বৈষম্য, চলবে না, চলবে না’ ইত্যাদি স্লোগান দেন।

শিক্ষার্থীরা জানান, ডিপ্লোমা ডিগ্রিধারীদের কারণে প্রকৌশল পেশায় বিএসসি ডিগ্রিধারীরা পদোন্নতি ও নিয়োগে দীর্ঘদিন ধরে বঞ্চিত হয়ে আসছেন। সরকারি চাকরির দশম গ্রেডে একচেটিয়া শতভাগ ডিপ্লোমা ডিগ্রিধারীদের নিয়োগ হচ্ছে। নবম গ্রেডে পদোন্নতিতেও ৩৩ শতাংশ কোটা আছে ডিপ্লোমা ডিগ্রিধারীদের। জুলাই অভ্যুত্থানের পরও চাকরিক্ষেত্রে এ রকম অন্যায় কোটা থাকা শহীদদের রক্তের সঙ্গে বেইমানি।

বেশ কয়েক মাস ধরে সরকারি চাকরিতে বৈষম্যের অভিযোগ তুলে আন্দোলন করছেন বুয়েট, চুয়েট, কুয়েট, রুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শিক্ষার্থীরা। তাঁদের দাবিগুলো হলো প্রকৌশল নবম গ্রেডে সহকারী প্রকৌশলী বা সমমান পদে প্রবেশ পরীক্ষার মাধ্যমে করার বিধান রাখা, কারিগরি দশম গ্রেডে উপসহকারী প্রকৌশলী বা সমমান পদ সবার জন্য উন্মুক্ত করা এবং বিএসসি ডিগ্রিধারী ছাড়া অন্য কেউ প্রকৌশলী পদবি ব্যবহার করতে পারবেন না মর্মে আইন পাস করে গেজেট প্রকাশ করা।

